



Empowered lives.
Resilient nations.

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ১৬ মে ২০১৫

South-South and Triangular Cooperation বিষয়ক উচ্চ পর্যায়ের একটি সভা আগামী ১৭-১৮ মে ২০১৫ তারিখে ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হতে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি প্রধান অতিথি হিসাবে ১৭ মে ২০১৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সভার উদ্বোধন করবেন। মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। সভার প্রতিপাদ্য বিষয় হচ্ছে South-South and Triangular Cooperation in the Post-2015 Development Agenda: Financing for Development in the South and Technology Transfer। বর্তমান ও আগামী দিনের উন্নয়ন চাহিদার আলোকে দক্ষিণ-দক্ষিণ ও ত্রিমুখী (Triangular) সহযোগিতা-উন্নয়ন, অর্থায়ন এবং প্রযুক্তি হস্তান্তর কিভাবে আরো সম্প্রসারিত করা যায় তার উপায় উদ্ভাবনে কাজ করার লক্ষ্যে উন্নয়নশীল ও উন্নত দেশের মন্ত্রী, উচ্চপদস্থ কর্মকর্তা, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি এবং পেশাজীবীগণ এ সভায় মিলিত হবেন।

বাংলাদেশ বর্তমানে জাতিসংঘের সাধারণ পরিষদের High Level Committee on South-South Cooperation (UNOSSC)-এর সভাপতির দায়িত্ব পালন করছে। ২০১৪ সালে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি-তে UNOSSC এবং JICA এর উদ্যোগে অনুষ্ঠিত “Global South-South Development (GSSD) Expo-2014” ফোরামে মাননীয় প্রধানমন্ত্রী কে প্রদত্ত South-South Visionary Award-2014 তাঁর পক্ষে গ্রহণকালে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা বাংলাদেশে আলোচ্য সভার আয়োজনের প্রস্তাব করেন। ২০১৫ পরবর্তী উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দক্ষিণের উন্নয়নশীল দেশ সমূহের মধ্যে জ্ঞান, অভিজ্ঞা ও উত্তম চর্চাসমূহ বিনিময়, বিনিয়োগ ও প্রযুক্তি হস্তান্তরের সূচিত ধারাকে আরো বেগবান করাই এ সভার অন্যতম প্রধান লক্ষ্য।

দক্ষিণের উন্নয়নশীল দেশসমূহের মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশ ও কারিগরি ক্ষেত্রে সহযোগিতার লক্ষ্যে South-South and Triangular Cooperation একটি ব্যাপকভিত্তিক কাঠামো। দক্ষিণ অঞ্চলের উন্নয়নশীল দেশ সমূহ তাদের মধ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক, উপ-আঞ্চলিক বা আন্তঃআঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে তাদের জ্ঞান অভিজ্ঞতা, দক্ষতা এবং বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে উক্ত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যৌথভাবে কাজ করতে পারে। সম্প্রতি দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার মাধ্যমে স্বল্পোন্নত দেশ সমূহের মধ্যে আন্তঃ বাণিজ্য ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি ছাড়াও আঞ্চলিক সংযোগ, প্রযুক্তি হস্তান্তর, সমস্যা সমাধানে দক্ষিণ-দক্ষিণ অভিজ্ঞতা বিনিময় এবং অন্যান্য সহযোগিতা বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রচলিত দাতা দেশ ও বহুপাক্ষিক উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যৌথভাবে উন্নয়নশীল দেশ সমূহ অর্থায়ন, কারিগরি সহযোগিতা, প্রশিক্ষণ ও ব্যবস্থাপনা দক্ষতা বিনিময়সহ অন্য যেকোন ধরনের অর্থনৈতিক সহযোগিতা Triangular Cooperation-এর পর্যায়েভুক্ত।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, United Nations Office for South-South Cooperation (UNOSSC) এবং United Nations Development Program (UNDP) যৌথভাবে আলোচ্য High Level Meeting-এর আয়োজন করছে। উত্তর এবং দক্ষিণের ৭১ টি দেশের মন্ত্রী, উচ্চপদস্থ কর্মকর্তা, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি, পেশাজীবী এবং জাতিসংঘ ও তার সংস্থা সমূহের প্রতিনিধিবৃন্দ এ সভায় অংশগ্রহণ করার কথা রয়েছে। দু’দিন ব্যাপী এ সভায় তিনটি পূর্ণাঙ্গ অধিবেশন (Plenary Session) এবং তিনটি প্রায়োগিক অধিবেশন (Impact Session) থাকবে। সভার অর্জিত ফলাফল আগামী জুলাই ২০১৫-তে ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় অনুষ্ঠিত Third International Conference on South-South Cooperation-এ উপস্থাপিত হবে। দ্বিতীয় দিন সভার সমাপনী অধিবেশন শেষে উপস্থিত গণমাধ্যম প্রতিনিধিবৃন্দের সঙ্গে একটি সাংবাদিক সম্মেলনে সভার ফলাফল (Chair’s Summary) অবহিত করা হবে।

মীর্জা মোহাম্মদ আলী রেজা
সিনিয়র সহকারী সচিব